ঝিনাইদহে মানবজমিন প্রত্রিকার ২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে দৈনিক মানবজমিন প্রত্রিকার ২৬বছর পেরিয়ে ২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালি আলোচনা সভা ও কেক উৎসব অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার (১৫ ফেব্রয়ারী) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা ও কেক কাটা হয়। এর আগে প্রেসক্লাবের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিন শেষে প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়।

প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, এসময় বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শাহীন উদ্দিন, ঝিনাইদহ প্রেসক্লাবের সাবেক সভাপতি বিমল শাহা, আমিনুল ইসলাম টুকু, সাইফুল মাবুদ, সাবেক সাধারণ সম্পাদক নিজাম জোর্য়ারদার বাবলু প্রমূখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু। বক্তব্যের শুরুতে স্বাগত শুভেচ্ছা বক্তব্য দেন মানবজমিনের জেলা প্রতিনিধি আমিনুল ইসলাম লিটন। আলোচনা শেষে কেক কাটার মধ্যদিয়ে অনুষ্টানের সমাপ্তি ঘোষণা করা হয়।